তারিখ: 11 JAN 2016
পৃষ্ঠা ২২ কলাম ৬

# নান্দাইলে ভর্তি ফি কমানোর দাবিতে বিদ্যালয়ে তালা

**প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)**

ময়মনসিংহের নান্দাইল উপজেলার মুশুলী ইউনিয়নের চংভেদেরা এলাকায় অবস্থিত খুর্শেদ এলিনর বিদ্যানিকেতনে ৬ষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের কম টাকায় ভর্তির দাবিতে গত শনিবার প্রতিষ্ঠানটির মূল ফটকে তালা ঝুঁলিয়ে দিয়েছে স্থানীয় কয়েকজন প্রভাবশালী ব্যক্তি। বিষয়টি বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তাৎক্ষণিক উপজেলা নির্বাহি কর্মকর্তা ও থানার অফিসার ইনচার্জকে (ওসি) জানালে পুলিশ দুপুরে ঘটনাস্থল গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানটি তালা খুলে দেয়। বিদ্যানিকেতনের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আমিনা খাতুন অভিযোগ করে জানান, ম্যানেজিং কমিটির সভাপতি পদে মো. মুখলেছুর রহমান প্রধান শিক্ষকের অজ্ঞাতে সভাপতি হলে তিনি গত বছর ঈশ্বরগঞ্জ আদালতে একটি মামলা করেন। এ মামলায় বিচারক সভাপতির কার্যক্রমের ওপর অন্তর্ভর্তিকালীন নিষেধাজ্ঞা জারি করেন। শেষ পর্যন্ত বিষয়টি হাইকোর্ট পর্যন্ত গড়ালে সেখানেও প্রধান শিক্ষকের পক্ষে (status quo) স্টেটস কৌ রায় বজায় থাকে। এতে মুখলেছুর রহমান ক্ষিপ্ত হয়ে শিক্ষার্থীদের শ্রেণী ভর্তির পাঁচ শত টাকা কমানোর অজুহাতে লোকজন দিয়ে বিদ্যালয়ে তালা লাগিয়ে দেন। কয়েকজন শিক্ষার্থীরা জানায়, তারা সকালে বিদ্যালয়ে এসে দেখে তালা লাগানো। নাম প্রকাশে অনিচ্ছুক একজন সহকারী শিক্ষক ও একজন কর্মচারী বলেন, তালা খুলতে গেলে আ. হান্নান ভূঁইয়াসহ কয়েকজন বাধা দেন। নান্দাইল মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) আব্দুল্লাহ আল মামুন জানান, অভিযোগ পেয়ে ঘটনাস্থল গিয়ে তালা খুলে দেয়া হয়েছে। কোন সমস্যা থাকলে তা বসে আলোচনা করে সমাধানের জন্যে এলাকাবাসীদের বলে দেয়া হয়েছে।